

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮- ১৬৯৩

তারিখঃ ১৩/০৪/২০২১ খ্রি:

অফিস আদেশ

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে সরকার কর্তৃক ঘোষিত আগামী ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ খ্রিঃ পর্যন্ত সার্বিক কার্যাবলী/চলাচল বিধি নিষেধ আরোপকালীন সুফলভোগীদের সাথে সার্বিক যোগাযোগ (মোবাইল ফোনের মাধ্যমে) অব্যাহত রাখতে হবে এবং এ সময়ে কর্মকর্তা কর্মচারী কর্তৃক আর্থিক অনিয়ম বিশেষ করে হস্তমজুদ/ আত্মসাৎ করার প্রবণতা দেখা যেতে পারে, তাই এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা যথাযথ তদারকি করবেন। এছাড়া যেহেতু বর্ণিত সময়ে আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে তাই এ সময়ে সুফলভোগী হতে কোন ঋণের অর্থ আদায় হলে তা কর্মসূচি'র এআরডিও/ এআরডিও'র দায়িত্ব পালনকারী কর্মকর্তার নিকট জমা থাকবে এবং এ সংক্রান্ত বিষয়ে যথাযথ প্রমানক মাঠ সংগঠককে প্রদান করতে হবে। তবে বর্ণিত অর্থ ব্যাংক কার্যক্রম চালু হলে এআরডিও/ এআরডিও'র দায়িত্ব পালনকারী কর্মকর্তা কর্তৃক নিজ দায়িত্বে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, বর্ণিত সময়ে কর্মসূচি'র সকল কর্মকর্তা কর্মচারী কর্মস্থলে অবস্থান করবেন এবং সময়ে সময়ে বিআরডিবি কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রতিপালন করবেন।

কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮- ১৬৯৩


তারিখঃ ১৩/০৪/২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, কর্মসূচিভূক্ত সকল জেলা।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, কর্মসূচিভূক্ত সকল জেলা ও উপজেলা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক/হিসাব সহকারী/মাঠ সংগঠক/অফিস সহায়ক, ইরেসপো, বিআরডিবি, কর্মসূচিভূক্ত সকল জেলা ও উপজেলা।
৬. অফিস কপি/ গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো